দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

8.6

তারিখ 01 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 6

# সিলেটে আলীয়া মাদ্রাসা ছাত্রাবাস থেকে অস্ত্র উদ্ধার

সিলেট, ১লা আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।— আজ ভোররাতে পুলিশ সিলেট সরকারী আলীয়া মাদ্রাসা ছাত্রাবাসের দু'টি কক্ষ থেকে ৯টি বেয়নেট, ৪টি রামদা, ১টি ড্যাগার, ১৮টি লোহার পাইপ, বিপুল পরিমাণ লাঠি ও কয়েক বস্তা পাথর উদ্ধার করেছে।

কক্ষ দু'টিতে ইসলামী ছাত্র শিবিরের কর্মীরা থাকে বলে পুলিশ জানায়। আজ ছাত্র সংগ্রাম পরিষদের ডাকে জামাত-শিবিরের সন্ত্রাসের প্রতিবাদে শহরে ছাত্র ধর্মঘট পালিত হয়। পরে মিছিল বের করা হয়।